দৈনিক ইত্তেফাক

তারিখ 0 1 JAN 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

01

# আজ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী শুরু

বাসস : '২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা' এ লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে আজ (বুধবার) হইতে সারাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী শুরু হইবে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে প্রকাশ, আজ শুরু হওয়া শিক্ষাবর্ষ হইতে

( ১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## আজ বাধ্যতামূলক

( ১ম পৃঃ পর )

দেশের ৬৪টি জেলার একটি করিয়া উপজেলা এবং আগামী ২ হইতে ৩ বছরের মধ্যে পর্যায়ক্রমে সকল উপজেলাকে এই কর্মসূচীর আওতাভুক্ত করা হইবে।

প্রথম পর্যায়ের উপজেলাগুলির মধ্যে রহিয়াছে ; ঢাকার সাভার, চট্টগ্রামের পটিয়া, রাজশাহীর পুটিয়া, খুলনার ফুলতলা এবং অবশিষ্ট ৬০টি জেলার সদর উপজেলা। ৬৪টি উপজেলার ১১ হাজার ৫৯১টি প্রাথমিক বিদ্যালয় কর্মসূচীর আওতাভুক্ত করা হইয়াছে। এই কর্মসূচীর সহিত সম্পৃক্ত প্রতিটি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৪ জন শিক্ষক মাসে ৫ শত টাকা ভাতা পাইবেন।

প্রথম পর্যায়ে ১০ বছরের কম বয়সী ২৮ লক্ষ ৯৮ হাজার একশত ছেলে-মেয়েকে কর্মসূচীর আওতায় আনা হইবে। তন্মধ্যে ৬-৭ বছর বয়সী ৬ লক্ষ ২ হাজার ৯৭১ জনকে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির জন্য অনুপ্রাণিত করা হইবে।

সাধারণ শিক্ষা প্রকল্পের অধীনে এক হাজার কোটি টাকা ব্যয়ে দেশে নূতন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ এবং পুরাতনগুলির সংস্কার করা হইবে। বিশ্বব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংক এই প্রকল্পের অর্থ যোগান দিবে।